

## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

তথ্য মন্ত্রণালয়

### উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন

উন্নয়ন কার্যক্রমে সরকারের ভূমিকা সুস্পষ্টভাবে প্রতিভাত হয় উত্তম চর্চার মাধ্যমে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের দেশে পরিণত করা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের উত্তম চর্চা দেশের সার্বিক সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখতে পারে। কর্মপরিবেশ ও সেবার মান উন্নয়নে নবতর কর্মপদ্ধতি উদ্ভাবনে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উত্তম চর্চা সমূহের তথ্যাবলী সংকলন পূর্বক সন্নিবেশিত হলো।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে বিদ্যমান উত্তম চর্চার বিবরণ:

#### বায়োমেট্রিক হাজিরা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সকল কর্মকর্তা কর্মচারি নিয়মিতভাবে বায়োমেট্রিক মেশিনে হাজিরা দিয়ে থাকেন। প্রশাসন অনুবিভাগ প্রতিদিনের আগমন ও প্রস্থান নিয়মিতভাবে প্রতিবেদন আকারে মহাপরিচালক বরাবর উপস্থাপন করে। এর ফলে প্রতিষ্ঠানের কাজের গতি বৃদ্ধি পেয়েছে।

#### ই-নথি সিস্টেম

ই-নথি সিস্টেম ব্যবহার করে প্রতিষ্ঠানে নথি নিষ্পন্ন করা হয়। এলক্ষ্যে নিয়মিতভাবে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

#### ওয়েবসাইট ব্যবহার

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। প্রশিক্ষণ, ক্রয়-বিক্রয় ও নিয়োগ সংক্রান্ত সকল বিষয় ওয়েবসাইট হতে জনগণ জানতে পারে।

#### দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের চার্টার অব ডিউটিজ অনুযায়ী নিয়মিতভাবে এর অংশীজন সরকারি-বেসরকারি মিডিয়া কর্মকর্তা, কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ আয়োজন করে থাকে।

#### লাইব্রেরির ব্যবহার

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের লাইব্রেরিকে অটোমেশন করা হয়েছে। কোহা সফটওয়্যার-এর মাধ্যমে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারি, বিশেষ ক্ষেত্রে সম্পদব্যক্তিগণ এবং প্রশিক্ষার্থীবৃন্দ বই বাছাই করে সংগ্রহ করতে পারেন।

#### অংশীজন সভা

প্রতিবছর প্রশিক্ষণপঞ্জি প্রণয়নের পূর্বে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট অংশীজন সভার মাধ্যমে অথবা প্রশিক্ষণ চাহিদা পত্র প্রেরণপূর্বক বিভিন্ন সরকারি দপ্তর, বেসরকারি গণমাধ্যম হতে প্রাপ্ত প্রশিক্ষণের চাহিদা অনুযায়ী বার্ষিক প্রশিক্ষণপঞ্জি প্রণয়ন করে।

#### প্রশিক্ষণপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ প্রদান

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রতি অর্থবছরে (জুলাই-জুন) বার্ষিক প্রশিক্ষণপঞ্জি প্রণয়ন করে এবং সে অনুযায়ী বছরব্যাপি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে।

#### আন্তরিক আচরণ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সকল কর্মকর্তা-কর্মচারির আন্তরিক ব্যবহার প্রশিক্ষার্থীদের ইনস্টিটিউটের প্রতি ইতিবাচক মনোভাব তৈরি করে।

#### প্রশিক্ষার্থীদের মতামত মূল্যায়ন

প্রতিটি প্রশিক্ষণ, কর্মশালা শেষে প্রশিক্ষার্থীগণ আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা সম্পর্কে মতামত প্রদান করেন। যা একই বিষয়ে পরবর্তী আয়োজনের পূর্বে মতামতের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে সন্নিবেশ/বিয়োজন করা হয়।

#### জরুরী অবস্থায় ভার্চুয়াল প্লাটফর্মে সভা আয়োজন, প্রশিক্ষণ প্রদান

করোনা অতিমারির সময়ে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে বিভিন্ন সভা, প্রশিক্ষণ ও সেমিনার আয়োজন করছে।

#### মানসম্মত প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বিভিন্ন প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হয়। তাদের জ্ঞান, অভিজ্ঞতা বিনিময় প্রশিক্ষার্থীদের সমৃদ্ধ করে।

শাহিন ইসলাম, এনজিপি  
মহাপরিচালক

গণমাধ্যম কর্মীদের জন্য বহুমুখী পেশাগত প্রশিক্ষণ প্রদান

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গণমাধ্যম কর্মীদের জন্য পেশাগত বিষয় ভিত্তিক, দক্ষতা নির্ভর, বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে।

গবেষণা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রতিবছর গণমাধ্যম সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনা করে।

জরুরি ও সাম্প্রতিক বিষয়ে প্রশিক্ষণ

গণমাধ্যম কর্মীদের নিয়ে জরুরি ও সাম্প্রতিক জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করে।

সরকারি বিভিন্ন নীতিমালা অনুসরণ

এ ইনস্টিটিউটের ত্রুণ-বিক্রয়, বিজ্ঞাপন এবং অন্যান্য কাজে সরকারি বিভিন্ন নীতিমালা কঠোরভাবে অনুসরণ করা হয়।

সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬০ ঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬০ ঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

ফেসবুক গ্রুপ, হোয়াটসএ্যাপ গ্রুপ (প্রশিক্ষণ ভিত্তিক)


বিভিন্ন প্রশিক্ষণের শুরুতেই প্রশিক্ষণার্থী এবং কোর্স প্রশাসনের সমন্বয়ে ফেসবুক এবং হোয়াটস এ্যাপ গ্রুপ তৈরি করা হয়।

প্রশিক্ষণ চলাকালীন গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান, বিভিন্ন সমস্যা সমাধান এবং কোর্সের বিভিন্ন প্রশিক্ষণ উপস্থাপনা শেয়ার করা হয় যা পরবর্তীতে প্রশিক্ষণার্থীগণ ব্যবহার করতে পারেন।

সবুজ পরিবেশ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সবুজ নিরিবিলি প্রাঙ্গন প্রশিক্ষণার্থীদের সতেজ করে এবং এ ইনস্টিটিউটের সকলে সবুজ পরিবেশ নিশ্চিত করনে আন্তরিকভাবে কাজ করেন।

\*\*\*



২৫/০২/২১

শাহিন ইসলাম, এনভিসি  
মহাপরিচালক